

বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

সম্পাদনায়

মোহাম্মদ জসীম
আঞ্চলিক পরিচালক

সহযোগিতায়

এম. আই. মোঃ বাকী বিল্যাহ
অ্যাসোসিয়েট(লেয়ার ওয়ান সার্ভিস ডেলিভারী)



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

আঞ্চলিক কার্যালয়, বরিশাল।

সূচিপত্র

১	ভূমিকা	
	১.১ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর পরিচিতি	০৩
	১.১.১ প্রতিষ্ঠা	০৪
	১.১.২ রূপকল্প	০৪
	১.১.৩ অভিলক্ষ্য	০৪
	১.১.৪ আঞ্চলিক কার্যালয়সমূহ	০৫
	১.২ বিসিসি আঞ্চলিক কার্যালয়, বরিশাল এর পরিচিতি	০৬
	১.২.১ বিসিসি বরিশাল কার্যালয়ের দৈনন্দিন কার্যাবলী	০৬
	১.২.২ সেবাসমূহ	০৭
	১.২.৩ সাংগঠনিক কাঠামো	০৮
	১.২.৪ বর্তমান জনবল	০৯
২	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১০
	২.১ কর্মসম্পাদনের ক্ষেত্র	১০
	২.১.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র	১০
	২.১.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র	১০
	২.২ ভবিষ্যৎ পরিকল্পনা	১০
	২.৩ ২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ	১০
	২.৪ ২০২২-২৩ অর্থ বছরে এপিএ'র লক্ষ্যমাত্রা ও অর্জন	১১
	২.৫ APA বাস্তবায়নে বিসিসি, বরিশাল আঞ্চলিক কার্যালয়ের সম্মাননা অর্জন	১১
৩	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২০-২০২১ সালের কর্মপরিকল্পনা	১২
৪	দক্ষ মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ	১৩
	৪.১ মানব সম্পদ উন্নয়নে বরিশাল আঞ্চলিক কার্যালয়ে নিয়মিত আইসিটি প্রশিক্ষনে অনুমোদিত কোর্স সমূহের তালিকা	১৩
	৪.২ প্রশিক্ষক	১৫
	৪.৩ কাস্টমাইজড কোর্স	১৫
	৪.৪ প্রকল্পের কোর্স	১৬
	৪.৫ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাবলী:	১৬
	৪.৫.১ প্রশিক্ষণ পদ্ধতি	১৬
	৪.৫.২ বিসিসি আঞ্চলিক কার্যালয়, বরিশাল এর বছর ভিত্তিক আইসিটি প্রশিক্ষণের সারসংক্ষেপ	১৭

	৪.৫.৩ বিগত ৩ (তিন) অর্থ বছরের প্রশিক্ষণ প্রতিবেদন	১৭
	৪.৫.৪ সমাজে পিছিয়ে পড়া জনগণদের নিয়ে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ের ভূমিকা এবং প্রশিক্ষণ কর্মকান্ডঃ	১৭
	৪.৫.৫ প্রশিক্ষণের তথ্যঃ	১৮
	৪.৫.৬ প্রশিক্ষণার্থীদের তথ্যঃ	১৯
	৪.৫.৭ প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থানের তথ্যঃ	১৯
	৪.৫.৮ প্রকল্পের আওতায় বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত সেমিনার ও ক্যাম্পেইনের তথ্যঃ	১৯
	৪.৫.৯ ২০২২-২৩ অর্থ বছরে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ের প্রশিক্ষণের চিত্র কার্যক্রমের	২০
৫	৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক কর্মকান্ডঃ	২২
৬	প্রকল্পের কর্মকান্ড	২৪
	৬.১ কানেস্টেড বাংলাদেশ প্রকল্পের অগ্রগতি	২৫
৭	জুলাই ২০২২ থেকে জুন ২০২৩ পর্যন্ত গুরুত্বপূর্ণ অর্জন ও উন্নয়ন কার্যক্রম	২৯
৮	যোগাযোগ	৩২

১.১ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর পরিচিতি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) বাংলাদেশ সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালনকারী অন্যতম প্রতিষ্ঠান। বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন আরও বেগবান করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে চালিকা শক্তি হিসেবে গণ্য করে রূপকল্প ২০৪১ এর লক্ষ্য মাত্রা অর্জনে তথা দেশকে উন্নত দেশ হিসেবে গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। যুব সমাজের আইসিটি বিষয়ক সক্ষমতা বৃদ্ধি, আইসিটি অবকাঠামোর উন্নয়ন ও সম্প্রসারণ, তথ্য আহরণে দেশের তথ্য ক্ষেত্রে প্রবেশাধিকার নিশ্চিতকরণ, ই-সার্ভিস সহজীকরণের মাধ্যমে ই-সরকার প্রতিষ্ঠা, সুশাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠাকরণ এবং আইন সজ্ঞাত ও ন্যায় সজ্ঞাত রাষ্ট্র পরিচালনা ব্যবস্থায় সকলের সুমম অংশগ্রহণ নিশ্চিত করা ইত্যাদি বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার। বাংলাদেশে কম্পিউটার কাউন্সিল (বিসিসি) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে দেশকে অগ্রগামী করে তুলতে ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নানাবিধ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। বিসিসি সরকারি পর্যায়ে চতুর্থ শিল্প বিপ্লবের (Fourth Industrial Revolution) চ্যালেঞ্জ মোকাবেলার জন্য আইসিটি অবকাঠামো উন্নয়ন, ই-গভর্নেন্স, আইসিটি সক্ষমতা উন্নয়ন, আইসিটি শিল্প উন্নয়ন, সরকারি সমস্ত তথ্যের সংরক্ষণাগার হিসেবে ডেটা সেন্টার স্থাপন, প্রদত্ত সরকারি সকল সেবা অনলাইনে চালুকরণ, আইসিটিতে বাংলা ভাষার প্রয়োগ, ব্যবহার ও উন্নয়ন, ডিজিটাল বাংলাদেশ ব্রান্ডিং এবং সর্বোপরি দেশে উদ্ভাবনী ও স্টার্টআপ সংস্কৃতির উন্নয়নে কাজ করছে।

১.১.১ প্রতিষ্ঠা:

এ প্রতিষ্ঠানটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নের ধারাবাহিকতায় ধাপে ধাপে বাংলাদেশে কম্পিউটার কাউন্সিল (বিসিসি) হিসেবে প্রতিষ্ঠিত হয়:



জাতীয় সংসদের ১৯৯০ সালের ৯নং আইন বলে জাতীয় কম্পিউটার বোর্ড-কে রূপান্তরিত করে “বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল” নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে প্রতিষ্ঠা করা হয় যা রাষ্ট্রপতির সচিবালয়ের অধীন পরিচালিত হতে থাকে। ১৯৯১ সালে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে তৎকালীন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (পরবর্তীকালে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)-এর অধীন ন্যস্ত করা হয়। বিগত ডিসেম্বর ২০১১ হতে বিসিসি নবসৃষ্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণে পরিচালিত।

১.১.২ রূপকল্প (Vision):

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমুখী ব্যবহারের মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

১.১.৩ অভিলক্ষ্য (Mission):

স্বচ্ছতা, নিরাপত্তা এবং দক্ষতার সাথে সরকারি সেবা উন্নয়ন ও প্রদানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গবেষণা ও উন্নয়নের মাধ্যমে দেশের ডিজিটাইজেশন এবং আইটি শিল্পের রপ্তানি ও কর্মসংস্থানে জাতীয় লক্ষ্য অর্জনে কার্যক্রম বাস্তবায়ন।

১.১.৪ আঞ্চলিক কার্যালয়সমূহ

বাংলাদেশের বিভিন্ন বিভাগে মাঠ পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর আঞ্চলিক কার্যালয়গুলি প্রতিষ্ঠা করা হয়।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মোট ৭টি আঞ্চলিক কার্যালয় রয়েছে। এগুলি হলো:

১. রাজশাহী আঞ্চলিক কার্যালয়
২. চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়
৩. খুলনা আঞ্চলিক কার্যালয়
৪. সিলেট আঞ্চলিক কার্যালয়
৫. বরিশাল আঞ্চলিক কার্যালয়
৬. ফরিদপুর আঞ্চলিক কার্যালয়
৭. রংপুর আঞ্চলিক কার্যালয়

এছাড়াও বিসিসির ৩৯ তম কাউন্সিল সভায় নতুন সৃষ্ট ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ সদর ও জামালপুর সদর, গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ এবং কক্সবাজার রামুতে বিসিসির নতুন ৫টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরিশালের পরিচিতিঃ

বিসিসির মিশন ও ভিশনকে সামনে রেখে “বিভাগীয় সদরে স্ট্যান্ডার্ড কম্পিউটার প্রশিক্ষণ কোর্স পরিচালনা” শীর্ষক প্রকল্পের অধীনে রাজধানী শহরের বাইরে সাতটি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠা করা হয়। এ প্রকল্পটি ০৫ অক্টোবর, ২০০৯ তারিখে রাজস্ব বাজেটে অন্তর্ভুক্ত হয়।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল(বিসিসি)-এর বরিশাল আঞ্চলিক কার্যালয় আইসিটি বিশেষজ্ঞদের একটি ছোট দল নিয়ে কার্যক্রম শুরু করে এবং ধীরে ধীরে এর কার্যক্রম প্রসারিত করে। প্রতিষ্ঠানটি সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০৪১: ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান সহায়ক প্রতিষ্ঠান। তৃণমূল পর্যায়ে ডিজিটাল ডিভাইড দূরীকরণের লক্ষ্যে বিসিসি, আঞ্চলিক কার্যালয় বরিশাল, অবকাঠামো উন্নয়ন ও কানেক্টিভিটি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্নেন্স, আইসিটি শিল্প উন্নয়নে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন এবং বিভিন্ন সরকারি অফিসকে পরামর্শ সেবাসহ নানাবিধ সহযোগীতা করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রশাসনের উর্ধ্বতন কর্তৃপক্ষ, মাঠ প্রশাসনের সাথে ভিডিও কনফারেন্সিংএ নির্দেশনা প্রদানের লক্ষ্যে বিসিসি’র ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে স্থাপিত DHQ’তে সাপোর্টসহ বরিশাল বিভাগীয় পর্যায়ে স্থাপিত ৪৮টি মিডিয়াম রাউটার, ১৩শতাধিক এক্সেস রাউটার এবং ৫৩ নোডে ভিডিও কনফারেন্সিং সিস্টেমে সাপোর্ট ও মনিটরিং রিপোর্ট, বিসিসি প্রধান কার্যালয়ে স্থাপিত Network Operation Centre (NOC) এর প্রেরণ করা হচ্ছে; অত্র কার্যালয় হতে সাম্প্রতিক সময়ে নেটওয়ার্ক সম্পর্কিত ৫(পাঁচ) শতাধিক সাপোর্ট প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়নের লক্ষ্যে স্মার্টবোর্ডসহ একটি নতুন প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। বর্তমানে তিনটি ল্যাবে একসাথে মোট ৬০জন প্রশিক্ষার্থীর প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। উক্ত ৩টি প্রশিক্ষণ ল্যাবের মধ্যে ১টি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের জন্য আইসিটি রিসোর্স সেন্টার হিসেবে ব্যবহৃত হচ্ছে। করোনাকালীন সময়ে অনলাইন প্রশিক্ষণ পরিচালনা এবং তিনটি আধুনিক কম্পিউটার ল্যাবে বিভিন্ন যুগোপযোগী বিভিন্ন ধরনের কোর্সে প্রশিক্ষণ প্রদান করে আসছে। মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রকল্পগুলোতেও আঞ্চলিক কার্যালয় বরিশাল দায়িত্ব পালন করে আসছে। সাম্প্রতিক বছরগুলিতে চতুর্থ শিল্প বিপ্লবকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয় বিভিন্ন সেক্টরে কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লকচেইন এবং ইন্টারনেট অফ থিংস (IOT) এর মতো উদীয়মান প্রযুক্তির ব্যবহার প্রচারের দিকে মনোনিবেশ করছে। এটি সরকারী সংস্থাগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে যাতে তারা এই প্রযুক্তিগুলি গ্রহণ করতে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য এসব প্রযুক্তির সুবিধাগুলিকে কাজে লাগাতে পারে।

বরিশাল আঞ্চলিক কার্যালয়টি ২০০১ সাল হতে এর পদযাত্রা হয়। ইহা বরিশালের বিএম কলেজ রোডে বৈদ্যপাড়া মোড়ে অবস্থিত। বর্তমানে কার্যালয়ের নিজস্ব কোন স্থায়ী অবকাঠামো নেই। বর্তমান ভাড়া অফিসটি ৫০০০ বর্গফুট নিয়ে অফিসটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া কার্যালয়টি জনবল কাঠামোর স্বল্পতা রয়েছে।

১.২.১ বিসিসি বরিশাল কার্যালয়ের দৈনন্দিন কার্যাবলী:

- তথ্য ও প্রযুক্তি শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা।
- প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও তথ্য সম্প্রসারণ বিষয়ে জনগণের সচেতনতা বৃদ্ধি করা।

- বিভিন্ন সরকারি দপ্তরের চাহিদা ভিত্তিক আইসিটি বিষয়ক পরামর্শ সেবা প্রদান
- প্রযুক্তি বিষয়ক প্রতিযোগীতা, ক্যাম্পেইন এবং অন্যান্য সংগঠিত কর্মসূচি সম্পন্ন করা।
- প্রযুক্তি বিষয়ক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে বিভিন্ন প্রকল্প সম্পন্ন করা।
- বিভিন্ন প্রযুক্তি বিষয়ক, সেমিনার, ওয়ার্কশপ ও ট্রেনিং সেশন আয়োজন করা।

১.২.২ সেবাসমূহ:

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে যুগোপযোগী ও মান সম্মত প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন
২. জেলা আইসিটি কমিটি এবং জেলা সার্ভিস ইনোভেশন কমিটির সদস্য হিসেবে সক্রিয়ভাবে নিয়মিত অংশগ্রহণ। এছাড়া বিভিন্ন কারিগরি কমিটি এবং অকেজো ঘোষণাকরণ কমিটিতে সরকারী সংস্থার/ প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক অংশগ্রহণ
৩. জেলা ও বিভাগীয় পর্যায়ে তথ্য প্রযুক্তি বিষয়ক অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ
৪. ই-গভঃ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং সেমিনার ও কর্মশালা আয়োজন
৫. ন্যাশনাল ই-গভঃ নেটওয়ার্ক সম্প্রসারণে সরকারি দপ্তরসমূহে কারিগরি সেবা প্রদান;
৬. আইসিটি রিসোর্স সেন্টার ব্যবহার করে তথ্যপ্রযুক্তি সেক্টরে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন;
৭. নিরাপদ আইসিটির ব্যবহারের কার্যক্রম অবহিতকরণ
৮. বিসিসি কর্তৃক দেশব্যাপী স্থাপিত সরকারী পর্যায়ে ইন্টারনেট সংযোগ ও ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে পর্যাপ্ত সহযোগিতা প্রদান
৯. সরকারি/বেসরকারি দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী বিসিসি আঞ্চলিক কার্যালয়ের ল্যাব সুবিধা প্রদান
১০. সরকারি দপ্তরের চাহিদা অনুযায়ী আইসিটি বিষয়ক প্রশিক্ষণে দক্ষ রিসোর্স পারসন প্রেরণ;
১১. উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা
১২. প্রধান কার্যালয় নির্দেশিত যে কোন দায়িত্ব পালন করা
১৩. সরকারি পর্যায়ে তথ্য প্রযুক্তির প্রসারে মাঠ প্রশাসনকে সহায়তা প্রদান করা। ‘
১৪. বিভাগীয়/জেলা/আঞ্চলিক পর্যায়ে সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটারায়নে সহায়তা প্রদান।
১৬. ডিজিটাল বৈষম্য দূরীকরণে প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠান সমূহে সহায়তা প্রদান।
১৭. মাঠ পর্যায়ে বিসিসি'র প্রকল্পসমূহ বাস্তবায়নে সহায়তা করা।
১৮. স্থানীয় পর্যায়ে সাশ্রয়ী সফটওয়্যার ও হার্ডওয়্যার সলুশন, ব্যবহারে উৎসাহ প্রদান এবং এ সম্পর্কে পরামর্শ সেবা প্রদান।
১৯. ওয়েব সাইটে আঞ্চলিক কার্যালয়ের কর্মকান্ড উপস্থাপন।

১.২.৩ বরিশাল আঞ্চলিক কার্যালয়ের সাংগঠনিক কাঠামো:



বিসিসি বরিশাল কার্যালয়ের সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে যাহাতে সেবাগ্রহীতাগণ তাদের সেবা গ্রহণের বিষয়ে জানতে পারে কিভাবে সেবা গ্রহন করবে এবং কার নিকট সেবা সেবা গ্রহন করতে হবে।



বরিশাল আঞ্চলিক কার্যালয়ের বর্তমান জনবল :

ক্রমিক	নাম ও পদবী	গ্রেড	অবস্থান	ছবি
১.	মোহাম্মদ জসীম হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার ও আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত) বিসিসি, বরিশাল	৬	অফিস প্রধান	
২.	এম.আই. মোঃ বাকী বিল্যাহ অ্যাসোসিয়েট (লেয়ার ওয়ান সার্ভিস ডেলিভারী)	৯	কর্মকর্তা	
৩.	খাজা রফিকুল ইসলাম কম্পিউটার অপারেটর বিসিসি বরিশাল	১৩	কর্মচারী	
৪.	মোঃ মেহেদী হাসান ল্যাব সহকারী বিসিসি বরিশাল	১৬	কর্মচারী	

ক্লিনার, সিকিউরিটি গার্ড এবং পরিচ্ছন্নতাকর্মীসহ একজন করে মোট ৩ জন আউটসোর্সিং কর্মচারী রয়েছে।

২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-২০২২-২৩

২.১ কর্মসম্পাদনের ক্ষেত্র

২.১.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

- ১. তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন
- ২. ই-গভর্নামেন্ট বাস্তবায়ন
- ৩. নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন
- ৪. সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ

২.১.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

- ১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

২.২ ভবিষ্যৎ পরিকল্পনা:

- তৃণমূল পর্যায়ে ডিজিটাল ডিভাইড দূরীকরণ, আইসিটির টেকসই উন্নয়ন, আইসিটি শিল্প বিকাশ এবং নিরাপদ ইন্টারনেট ব্যবহার নিশ্চিত কল্পে “প্রযুক্তি ল্যাব ও সফটওয়্যার ফিনিসিং স্কুল স্থাপনের মাধ্যমে বিসিসি আঞ্চলিক কার্যালয়সমূহ শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় স্থায়ী অবকাঠামো নির্মাণের মাধ্যমে অত্র অঞ্চলে একটি তথ্যপ্রযুক্তি বলয় তৈরি করা; আধুনিক প্রযুক্তি নির্ভর পেশাজীবী তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ কারিকুলাম উন্নয়নসহ অনলাইনে প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম ব্যাপকভাবে জনবান্ধব করার জন্য ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহারের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন।
- ৪র্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে শিল্পে ব্যবহারিক ক্ষেত্রের এবং প্রকৌশলী শিক্ষা কারিকুলাম উপযোগী ইন্টারশিপ/প্রশিক্ষণ চালু এবং আর্থিক স্বনির্ভরতায় ফ্রিলান্সিং/স্টার্টআপ ইনকিউবেশনে সহায়তা করা।
- সাইবার নিরাপত্তার বিষয়ে জনসচেতনতা তৈরী করা এবং ইমার্জিং প্রযুক্তি স্থাপন করা।
- সমাজের পিছিয়ে পড়া জনগনকে নিয়ে অর্থাৎ প্রতিবন্ধী ব্যক্তিগনদের আইসিটি সক্ষমতার জন্য আইসিটি প্রশিক্ষণ পরিচালনা করা।
- ই-গভর্ন্যান্স পরিকল্পনায় সরকারী ও বেসরকারী সকল প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি সক্ষমতা তৈরীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের গভঃ নেটওয়ার্ক সমূহ সচল রাখা।

২.৩ ২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- দক্ষ মানব সম্পদ উন্নয়নে আইসিটি বিষয়ক বিভিন্ন কোর্সে প্রতিবন্ধীসহ মোট ১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা;

- ই-গভর্নেন্স বাস্তবায়নে আওতায় অত্রাঅঞ্চলের স্থাপিত নেটওয়ার্কে নিরবিচ্ছিন্ন সেবা প্রদানে প্রায় ১৮০টি সেবা প্রদান করা;
- বরিশাল বিভাগীয় পর্যায়ে ৫৩টি ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে। উক্ত সিস্টেমের ত্রুটিপূর্ণ ডিভাইস সমূহ সচল করা।

২.৪ ২০২২-২৩ অর্থ বছরে এপিএ অনুযায়ী যে কার্যক্রমসমূহ সম্পাদনা করা হয় তার গুরুত্বপূর্ণ কিছু বিষয়ের সারাংশ তুলে ধরা হলঃ

ক্রম	কার্যক্রম	সূচকের মান	লক্ষ্যমাত্রা	গৃহীত কার্যক্রম
১	স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ আয়োজন	২৫	১০০	১৬০
২	জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা	০৭	৩০	৩২
৩	ভিডিও কনফারেন্স নিরবিচ্ছিন্ন রাখার কারিগরি সেবা	০৭	১৫০	১৫৬
৪	ই-গভঃ বাস্তবায়নে প্রশিক্ষণ	০৪	২০	২৭
৫	পরামর্শ সেবা/সভায় অংশগ্রহণ	০২	১০	৪৮
৬	নারীর সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ	১০	৪০	৪০
৭	প্রতিবন্ধীদের সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ	০৫	২০	৪০
৮	সেমিনার/কর্মশালা/অবহিতকরণ	১০	০১	০১

২.৫ ২০১৯-২০ অর্থ বছরে APA বাস্তবায়নে বিসিসি, বরিশাল আঞ্চলিক কার্যালয় সম্মাননা অর্জন করে।



৩. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২২-২৩ সালের কর্মপরিকল্পনা

জুলাই ২০২২- জুন ২০২৩ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ে প্রণয়ন করা হয়েছে এবং পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে এবং উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে যথাসময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে। শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ে বিসিসি'র ওয়েবসাইট সর্বদা হালনাগাদ রাখা হয়েছে।

এছাড়া শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ে সকলের আগ্রহ বৃদ্ধির লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ অনুসরণ পূর্বক প্রধান কার্যালয় থেকে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয় হতে পর পর ২(দুই) জন কর্মকর্তা শুদ্ধাচার পুরস্কার পেয়েছিলেন।

ক্রমিক নং	অর্থবছর	পুরস্কার প্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী
১.	২০১৮-১৯	মোহাম্মদ মনিরুল ইসলাম আঞ্চলিক পরিচালক, বিসিসি বরিশাল
২.	২০২০-২১	মোহাম্মদ জসীম হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার ও আঞ্চলিক পরিচালক, বিসিসি, বরিশাল

৪. দক্ষ মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ

আইটি খাতে দক্ষ মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ এর মূল উদ্দেশ্য হলো পেশাদার ব্যক্তিদের সাথে তাদের কাজ করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও উদ্যোগের মাধ্যমে তাদের দক্ষতা উন্নয়ন করা। আইটি খাতে দক্ষ মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণের মাধ্যমে পেশাদার ব্যক্তিদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির জন্য আবশ্যিক দক্ষতা এবং কৌশল অর্জন করানো হয়। দেশের বিপুল সংখ্যক তরুণ বেকার জনগোষ্ঠীর জন্য আইটি সেক্টরে অব্যবহৃত সুযোগ থাকলেও দক্ষতার ঘাটতি রয়েছে। বর্তমানে সরকার তথ্যপ্রযুক্তির প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ পেশাদার, ফ্রিল্যান্সার বা স্টার্টআপ তৈরি করার জন্য বন্ধপরিষ্কার। কারণ এই বিপুল তরুণ জনগোষ্ঠীকে নিজেদের আর্থিক উন্নয়ন এবং সর্বোপরি দেশের উন্নয়নে অবদান রাখতে হবে। প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থান এবং নিজ নিজ টেকনিক্যাল জ্ঞানে আরো বেশি পারদর্শী করতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ফরিদপুর আঞ্চলিক কার্যালয় থেকে বিভিন্ন প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়।

৪.১ মানব সম্পদ উন্নয়নে বরিশাল আঞ্চলিক কার্যালয়ে নিয়মিত আইসিটি প্রশিক্ষণে

অনুমোদিত কোর্স সমূহের তালিকা:

Sl no	Course name	Course duration (Hrs.)	Course fee(Tk) Day/Evening	Min. Requirements
1	IT Security \$ Technology Awareness	30	1000.00/1500.00	Govt. Employee/HSC having basic computer skill
2.	Coding for Juniors Using Scratch	45	1000.00/1500.00	Class 6 to 10
3.	Training of “Computer C Programming for Young Learners” (CPYL)	30	600.00	Class 10
4..	Women Entrepreneur Frontier Initiative (WIFI)	12	Free	HSC or Equivalent
5.	Coding for juniors using Python	45	1000.00/1500.00	Students of School Level/ Minimum SSC and having basic computer skills
6.	Python Programing for all	45	1000.00/1500.00	Minimum SSC passed and having basic computer skills
7.	Introduction to Robotics & IOT for Juniors	60	1500.00/ 2000.00	Students of School Level/ Minimim

				SSC and having and having basic computer skills
8.	Hardware maintenance & Trouble Shooting	60	1500.00/ 2000.00	Minimum SSC
9.	Cloud Accounting	60	1500.00/ 2000.00	Minimum HSC level student and having accounting & computer skills
10	Geographic Information System (GIS)	75	2000.00/ 2500.00	Minimum HSC
11	Freelancing Skills, Techniques and Communicative English	90	2500.00/ 3000.00	Minimum HSC/Diploma level student and having basic computer skill
12.	Professional Course on Webpage Design	90	2500.00/ 3000.00	Minimum HSC/Diploma level student and having basic computer skills
13	Professional course on UI/UX Design;	90	2500.00/ 3000.00	Minimum HSC and having 2D graphics design concept
14	3DGraphics & Multimedia design	90	2500.00/ 3000.00	Minimum HSC and having 2D graphics design concept
15	Course on Digital Marketing	120	3500/3500	Minimum HSC/Diploma level student and having basic computer skills
16	Graphics Design & Multimedia	120	3500/3500	Minimum HSC/Diploma level student and having basic computer skills
17	Professional course on Robotics & Internet of Things (IoT)	120	3500/3500	Minimum HSC/Diploma level student and having basic computer skills
18	Professional Course on Network Administration & ISP Setup	120	3500/3500	Minimum HSC/Diploma level student and having

				basic computer skills
19	Professional Course on Web Application & Software Development	120	3500/3500	Minimal HSC/Diploma level student and having basic programming skills
20	Android Apps Development	120	3500/3500	Minimal HSC/Diploma level student and having basic programming skills
21	Professional Course on Cyber Security & Ethical Hacking	120	3500/3500	Minimal HSC/Diploma level student and having basic computer skills
22	MERN Stack Development	120	3500/3500	Minimal HSC/Diploma level student and having basic programming skills
23	Diploma in ICT	312	5000/7500	Minimal HSC/Diploma level student and having basic Computer skills
24.	Diploma in Graphics Design & Multimedia Technique	312	5000/7500	Minimal HSC/Diploma level student and having basic Computer skills

৪.২ প্রশিক্ষক: আঞ্চলিক পরিচালক/আইসিটি কর্মকর্তা/বিসিসি কর্মকর্তা/বহিরাগত প্রশিক্ষক/অধ্যাপক/প্রফেশনাল।

৪.৩ কাস্টমাইজড কোর্স

প্রধান কার্যালয়ের অনুমোদনক্রমে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয় বিভিন্ন প্রতিষ্ঠানের (সরকারি/বেসরকারি) চাহিদা অনুযায়ী কোর্স পরিচালনা করতে পারে। কোনো প্রতিষ্ঠান বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ে প্রশিক্ষণ কোর্স করতে চাইলে নিয়ম অনুসরণপূর্বক আবেদন করতে পারে। বিসিসি অত্যাধুনিক ল্যাব ও ভিডিও কনফারেন্সিং সুবিধা এবং প্রয়োজনে কোর্স ডিজাইন ও রিসোর্স পারসন প্রদান করে।

৪.৪ প্রকল্পের কোর্স

বিভিন্ন পর্যায়ে চলমান নানা প্রকল্পের চাহিদা ভিত্তিক ট্রেইনিং কোর্স বিসিসি বরিশাল পরিচালনা করে।

৪.৫ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাবলী:

- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- প্রার্থীর অবশ্যই ভর্তি ইচ্ছুক কোর্সের জন্য উল্লিখিত যোগ্যতা থাকতে হবে।
- ভর্তির সময় ও তারিখ সরাসরি আঞ্চলিক কার্যালয়ে / ওয়েব সাইটে / ফেসবুক পেইজে পাওয়া যাবে।
- নির্দষ্ট কোর্সে ভর্তির জন্য নির্ধারিত ফি কার্যালয়ে এসে প্রদান করতে হবে।
- প্রতি ব্যাচে আসনের পরিমাণ ২০টি, তাই আগে আসলে আগে ভর্তি করা হয়।
- আসন পরিমাণে বেশী অংশগ্রহনকারী হলে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হয়।

প্রশিক্ষণে ভর্তির জন্য নিম্নরূপ কাগজপত্রাদি অবশ্যই সঙ্গে আনতে হবে।

- প্রশিক্ষণার্থীর সত্যায়িত আইডি কার্ড
- দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি
- নির্ধারিত কোর্স ফি এর ব্যাংকের জমা রিসিট নিয়ে আসতে হবে।
- সর্বশেষ শিক্ষার সত্যায়িত সনদ অথবা নূন্যতম SSC সার্টিফিকেটের সত্যায়িত সনদ সাথে আনতে হবে।

৪.৫.১ প্রশিক্ষণ পদ্ধতি:

- আধুনিক কম্পিউটার ল্যাব ব্যবহারের সুবিধা ও শীতাতপ নিয়ন্ত্রিত।
- প্রয়োজনীয় লেকচার শিট প্রদান।
- একজনের জন্য একটি করে কম্পিউটার ব্যবহারে সুবিধা।
- প্র্যাকটিসের সময় সার্বক্ষণিক একজন প্রশিক্ষকের উপস্থিতি।
- প্রতিটি কোর্স শেষে মূল্যায়ন পরীক্ষার ব্যবস্থা।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের জন্য রিফ্রেশমেন্টের এর ব্যবস্থা।
- সন্ধ্যাকালীন ব্যাচে প্রফেশনাল অংশগ্রহনকারীদের জন্য সুবিধা প্রদান।
- সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যাকআপ রাখার জন্য জেনারেটর সুবিধা
- বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞ শিক্ষকমন্ডলী দ্বারা প্রশিক্ষণ প্রদান।

৪.৫.২ বিসিসি আঞ্চলিক কার্যালয়, বরিশাল এর বছর ভিত্তিক আইসিটি প্রশিক্ষণের সারসংক্ষেপঃ

সাল	মোট ব্যাচ	পুরুষ	মহিলা	মোট প্রশিক্ষণার্থী
২০১০-১১	২০	২৬৮	১১৫	৩৮৩
২০১১-১২	২২	৩০৭	৯২	৩৯৯
২০১২-১৩	১৮	২১২	৯৬	৩০৮
২০১৩-১৪	২৪	৩৫৭	১৬৯	৫২৬
২০১৪-১৫	২১	৩৫৪	১৪৭	৫০১
২০১৫-১৬	১৫	২১৬	৯৮	৩১৪
২০১৬-১৭	২০	২৫১	১৪৯	৪০০
২০১৭-১৮	১৮	২১৫	১৪৫	৩৬০
২০১৮-১৯	২৪	৩১২	১৬৩	৪৭৫
২০১৯-২০	২৬	৩১৫	২০৩	৫১৮
২০২০-২১	১	১৯	১	২০
২০২১-২২	১৬	২১২	৯৮	৩১০
২০২২-২৩	১৩	১৬৫	১০২	২৬৭
মোট	২৩৮	৩২০৩	১৫৮৭	৪৭৮১

৪.৫.৩ বিগত ৩ (তিন) অর্থ বছরের প্রশিক্ষণ প্রতিবেদনঃ

Training Report, BCC, Regional Office, Barishal											
Name of Regional Office	Fiscal Year	No. of Batch					Total Short	Long	Male	Female	Total Trainee
		Short									
		Regular	Disability	WIFI	Customized	project					
Barishal	2020-2021	0	0	0	1	0	1	0	19	1	20
	2021-2022	6	7	-	2	0	15	1	212	98	310
	2022-2023	9	2	-	1	0	12	1	165	102	267
	Total	15	9	0	4	0	28	2	396	201	597

৪.৫.৪ সমাজে পিছিয়ে পড়া জনগণদের নিয়ে বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ের ভূমিকা এবং প্রশিক্ষণ কর্মকান্ডঃ

“তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরোডেভেলপমেন্টাল ডিজওর্ডার সহ সবধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন”- শির্ষক প্রকল্পের আওতায় বরিশাল, আঞ্চলিক কার্যালয়ে আইসিটি রিসোর্স সেন্টারের মাধ্যমে সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রশিক্ষণ কোর্স সমূহ:

- Introduction to Computer and Application Packages
- Graphics design and Multimedia
- Web and Mobile Application
- Digital Marketing
- Software Quality Assurance

প্রশিক্ষণ কোর্সের মেয়াদ:

- ৬০ ঘন্টা (২০ দিন)

প্রশিক্ষণ কোর্সের সুবিধা সমূহ

- কোন কোর্স ফি নেই
- যাতায়াত ও আবাসন ভাতা প্রদান
- সকালের নাস্তা ও দুপুরে খাবারের ব্যবস্থা
- বিনামূল্যে প্রশিক্ষণ উপকরণ (খাতা, কলম, বই ও ব্যাগ)

২০১৮ সালে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাগণদের সমন্বয়ে একটি TOT সম্পন্ন করার মাধ্যমে মাস্টার ট্রেনার তৈরী করা হয়।

৪.৫.৫ প্রশিক্ষণের তথ্যঃ

ক্র: নং	প্রশিক্ষকের নাম	অর্থ বছর	ব্যাচ	পুরুষ	মহিলা	মোট
১	Introduction to Computer & Application Packages, Graphics Design and Multimedia	২০১৮-১৯	৫	৬৬	৩৪	১০০
২		২০১৯-২০	৮	১১০	৫০	১৬০
৩		২০২০-২১				
৪		২০২১-২২	৭	৯৭	৪৩	১৪০
সর্বমোট=			২০টি	২৭৩	১২৭	৪০০ জন

শারিরিক প্রতিবন্ধী ও সকল ধরনের প্রতিবন্ধী = ১৪ টি ব্যাচ
 দৃষ্টি প্রতিবন্ধী = ৩ টি ব্যাচ
 এনডিডি = ৩ টি ব্যাচ
 সর্বমোট = ২০টি ব্যাচ

৪.৫.৬ প্রশিক্ষণার্থীদের তথ্যঃ

ক্রমিক নং	ব্যাচ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	পুরুষ	মহিলা	প্রতিবন্ধীতার ধরণ				
					শারিরিক	বাক ও শ্রবন	দৃষ্টি (আংশিক)	এনডিডি	অন্যান্য
০১	২০	৪০০	২৭৩	১২৭	২০৭	২৫	৯১	৬২	১৫

৪.৫.৭ প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থানের তথ্যঃ

সরকারী চাকুরি	বেসরকারী চাকুরী	উদ্যোক্তা	মোট
১০	২৯	২০	৫৯

■ বর্তমানে প্রকল্পটি সমাপ্ত হলেও ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব খাতের মাধ্যমে নিম্নোক্ত ব্যাচ সমূহ পরিচালনা করা হয়।

ক্রমিক নং	ব্যাচ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	পুরুষ	মহিলা	প্রতিবন্ধীতার ধরণ				
					শারিরিক	বাক ও শ্রবন	দৃষ্টি (আংশিক)	এনডিডি	অন্যান্য
০১	ECSPD-01	২০	১১	৯	১১	৪	৩	১	১
০২	ECSPD-02	২০	১৩	৭	১২	২	৩	১	২ (বহু মাত্রিক)

৪.৫.৮ প্রকল্পের আওতায় বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত সেমিনার ও ক্যাম্পেইনের তথ্যঃ

- ৩টি সেমিনার
- ১৫টি ক্যাম্পেইন করা হয়

৪.৫.০৯ ২০২২-২৩ অর্থ বছরে বিসিসি বরিশাল
আঞ্চলিক কার্যালয়ের প্রশিক্ষণের চিত্র কার্যক্রমের



বরিশাল আঞ্চলিক কার্যালয়ে “Computer Programming for young learners”
Progrm -01 ব্যাচের সমাপনীর একাংশ



বরিশাল আঞ্চলিক কার্যালয়ে “Introduction to Computer and application Packages with Unicode Bangla Under WID” প্রোগ্রামের মেয়েদের



বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয় ডিজিটাল উত্তাবনী মেলায়
অংশগ্রহন, দর্শনার্থীগণের স্বতস্পূর্ত ভাবে উক্ত স্টল হতে তথ্য গ্রহন
করছে।



বালকাঠি স্মার্ট কর্মসংস্থান মেলায় বিসিসি বরিশাল আঞ্চলিক
কার্যালয়ের অংশগ্রহন



Essential Computer Skills for Persons
with Disabilities-০২ প্রোগ্রামে সমাপনী অনুষ্ঠান



বিসিসির নির্বাহী পরিচালক জনাব রণজিত কুমার স্যারের
বরিশাল আঞ্চলিক কার্যালয়ের কর্মকান্ত পরিদর্শন



স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ৪র্থ শিল্প বিপ্লব মোকাবিলায় ২দিন
ব্যাপী প্রশিক্ষণ



Essential Computer Skills for
Persons with Disabilities-০২
প্রোগ্রামে উদ্বোধনী অনুষ্ঠান



ভিডি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের বাস্তবায়নকৃত সরকারের "ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্ল্যাটফরম শক্তিশালীকরণ"
প্রকল্পের আওতায় ৩দিন ব্যাপি বরিশাল বিভাগীয় জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/সহঃ প্রোগ্রামার ও সহঃ নেটওয়ার্ক
ইঞ্জিঃ নিয়ে Video conference training



বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ে ICAP-265 ব্যাচের ছাত্র ছাত্রীদের পরীক্ষা অংশগ্রহণ ও সমাপনী অনুষ্ঠান



৫. ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক কর্মকান্ডঃ



২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ অগ্রযাত্রার ভূমিকায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল এর আয়োজনে

Orientation Workshop on 4IR Technology -এর শুভ উদ্বোধন

Industry 4.0
Industry 3.0

প্রধান অতিথি : **জনাব রণজিৎ কুমার**, নির্বাহী পরিচালক (গ্রেড-১), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
মূল প্রবন্ধ উপস্থাপক : **জনাব মোঃ আবু সাঈদ**, পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), (অতিঃ দায়িত্ব) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
সভাপতি : **জনাব মোহাম্মদ জসীম**, আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

স্থান: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল। তারিখ : ৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ

গত ০৬/০২/২০২৩ খ্রীঃ তারিখ সোমবার বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল কর্তৃক আয়োজিত “Orientation Workshop on 4IR Technology” শীর্ষক ওয়ার্কশপটি সকাল ৯:০০ ঘটিকায় প্রধান অতিথি মহোদয়ের অনুমতিক্রমে যথারীতি শুরু করা হয়। শুরুতে প্রধান অতিথি মহোদয়কে বৈঠক প্ল্যাটফর্মের মাধ্যমে সকল অংশগ্রহনকারীগণের সাথে পরিচিতি করানো হয়। এরপর প্রধান অতিথি মহোদয় ওয়ার্কশপে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। এরপর প্রধান অতিথি মহোদয় বিসিসি’ নির্বাহী পরিচালক (গ্রেড-১) জনাব রনজিৎ কুমার বৈঠক প্ল্যাটফর্মের মাধ্যমে ওয়ার্কশপটির শুভ উদ্বোধন ঘোষনা করেন। প্রধান অতিথির শুভ উদ্বোধন ঘোষনার পর বিসিসি প্রধান কার্যালয় থেকে আগত বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) (অতিঃ দায়িত্ব) ওয়ার্কসপে “Orientation of 4IR Technology for smart Bangladesh-2041” সম্পর্কে ওয়ার্কশপের মূল প্রবন্ধ উপস্থাপন করেন। বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ জসীম সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বরিশাল বিভাগের বিভিন্ন সনাম ধন্য বিদ্যাপিঠ হতে আগত শিক্ষকবৃন্দ এবং কারিগরী বিষয়ে দক্ষ আইসিটি শিক্ষকগণ এবং কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



চিত্রঃ মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জনাব আবু সাঈদ (বাম দিক হতে দ্বিতীয়)



চিত্রঃ প্রধান অতিথি বিসিপি'র নির্বাহী পরিচালক (গ্রেড-১) জনাব রশজিং কুমার বৈঠক প্রাটিকর্মের মাধ্যমে অংশগ্রহনকারীদের উদ্দেশ্য তার মূল্যবান বক্তব্য পেশ করছেন।



শিক্ষকবৃন্দ এবং কারিগরী বিষয়ে দক্ষ আইসিটি শিক্ষকগণদের কর্মশালা টি ২(দুই) দিন ব্যাপি অনুষ্ঠিত হয়



ওয়ার্কশপের আলোচ্য বিষয় সমূহ ছিলঃ

- IoT
- Blockchain
- Cloud Computing
- Govt. Email Service
- Security & Privacy
- Awareness of Email
- Govt. Cloud Service/Others Cloud Environment

৬. প্রকল্পের কর্মকান্ড

টেকসই উন্নয়ন অভ্যন্তরীণ (SDGs) লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্পসমূহ বিসিসি প্রধান কার্যালয়, ঢাকা হতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও প্রকল্প উপপরিচালক মহোদয়গণ সমন্বয় করে থাকেন। বাস্তবায়িত প্রকল্প সমূহ আঞ্চলিক কার্যালয়ে সমন্বিত হয় না।

প্রকল্পের নামঃ

ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভার্নমেন্ট ফেজ-২ (ইনফো সরকার) শীর্ষক প্রকল্প।

প্রকল্প সমাপ্ত (জুলাই ২০১৩- ডিসেম্বর ২০১৫)

দেশে ই-গভার্নমেন্ট এর সুষ্ঠু এবং সফল বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পর্যায়ে পাবলিক নেটওয়ার্ক স্থাপন।

প্রকল্পের কর্মকর্তা :

ক্রমিক	নাম ও পদবী	ছবি
১.	মোঃ আসাদুজ্জামান খান মেইন্টেনেন্স সাপোর্ট ইঞ্জিনিয়ার ইনফোসরকার-২ প্রকল্প বিসিসি, বরিশাল।	

বিসিসি'র ইনফো সরকার-২ প্রকল্পের মাধ্যমে স্থাপিত DHQ'তে সাপোর্টসহ বরিশাল বিভাগীয় পর্যায়ে স্থাপিত ৪৮টি মিডিয়াম রাউটার, ১৩শতাধিক এক্সেস রাউটার এবং ৫৩ নোডএ ভিডিও কনফারেন্সিং সিস্টেমে সাপোর্ট ও মনিটরিং রিপোর্ট, বিসিসি প্রধান কার্যালয়ে স্থাপিত **Network Operation Centre (NOC)** এর প্রেরণ করা হচ্ছে; এমনকি বর্তমান করোনা অতিমারির মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সরকারী পর্যায়ে বিভিন্ন অফিস সমূহে ভিডিও কনফারেন্সিং সিস্টেমের কারিগরী সহায়তা প্রদান চলমান রেখেছে।

২০২২-২৩ অর্থ বছরে এপিএর লক্ষ্যমাত্রা অর্জনে অত্র কার্যালয় হতে নেটওয়ার্ক সম্পর্কিত ১৮০টি নেটওয়ার্ক ও ভিডিও সাপোর্ট প্রদান করা হয়েছে।



চিত্র: Fiber @ home দলের সাথে মাঠপর্যায়ের নেটওয়ার্কের সাপোর্ট প্রদানের সময় একাংশ



চিত্র: DHQ সার্ভার রুমের আঞ্চলিক পরিচালক মহোদয়ের পরিদর্শন

৬.১ কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের অগ্রগতিঃ

প্রকল্পের নাম : টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন
(কানেক্টেড বাংলাদেশ) প্রকল্প

মেয়াদ : জুলাই ২০১৮- ডিসেম্বর ২০২৩

অর্থের উৎস : বৈদেশিক সাহায্য এসওএফ (SoF)

মোট ৮টি বিভাগের ৬১৭টি ইউনিয়ন এর মধ্যে বরিশাল বিভাগে ১২৬টি ইউনিয়ন। ১২৬টি ইউনিয়নে বর্তমানে PAT (Provisional Acceptance of Test) সম্পন্ন হয়েছে Active Device স্থাপনের কাজ চলমান রয়েছে।

বরিশালে ১২৬ টি ইউনিয়নের তালিকা

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	ইউনিয়নের সংখ্যা	
১	বরিশাল	বরিশাল	বরিশাল সদর	চন্দ্রমোহন	১	
২			বাকেরগঞ্জ	কবাই	৭	
৩				কলসকাঠী		
৪				গারুড়িয়া		
৫				দাড়িয়াল		
৬				দুখল		
৭				ফরিদপুর		
৮				দুর্গাপাশা		
৯				বাবুগঞ্জ		মাধবপাশা
১০			মুলাদী	কাজিরচর	৪	
১১				গাছুয়া		
১২				চরকালেখা		
১৩				মুলাদী		
১৪			মেহেন্দিগঞ্জ	উত্তর উলানিয়া	৯	
১৫				দক্ষিণ উলানিয়া		
১৬				গোবিন্দপুর		
১৭				চরএককরিয়া		
১৮				চাঁনপুর		
১৯				বিদ্যানন্দপুর		
২০				ভাষানচর		
২১				মেহেন্দিগঞ্জ		
২২				লতা		
২৩				হিজলা		গুয়াবাড়িয়া
২৪			বড়জালিয়া			
২৫			হরিনাথপুর			
২৬			পটুয়াখালী	কলাপাড়া	চম্পাপুর	৯
২৭					চাকামইয়া	
২৮					ধানখালী	
২৯					বালিয়াতলী	

৩০			মিঠাগঞ্জ		
৩১			লালুয়া		
৩২			ডালবুগঞ্জ		
৩৩			ধুলাসার		
৩৪			মহিপুর		
৩৫		গলাচিপা	কলাগাছিয়া	৮	
৩৬			গজালিয়া		
৩৭			গলাচিপা		
৩৮			চিকনিকান্দী		
৩৯			ডাকুয়া		
৪০			পানপট্ট		
৪১			বকুলবাড়িয়া		
৪২			রতনদী তালতলী		
৪৩		দুমকী	পাংশাশিয়া	২	
৪৪			মুরাদিয়া		
৪৫		বাউফল	কনকদিয়া	৯	
৪৬			কাছিপাড়া		
৪৭			কলাইয়া		
৪৮			কালিশুরী		
৪৯			কেশবপুর		
৫০			দাসপাড়া		
৫১			ধুলিয়া		
৫২			নাজিরপুর		
৫৩		সূর্যমনি			
৫৪		মির্জাগঞ্জ	আমড়াগাছিয়া	৬	
৫৫			কাকড়াবুনিয়া		
৫৬			দেউলি-সুবিদখালী		
৫৭			মজিদবাড়িয়া		
৫৮			মাধবখালী		
৫৯			মির্জাগঞ্জ		
৬০	ভোলা	চরফ্যাশন	২১নং আহাম্মদপুর	১০	
৬১			উমরপুর		
৬২			ওসমানগঞ্জ		
৬৩			চরমাদ্রাজ		
৬৪			হাজারীগঞ্জ		
৬৫			জাহানপুর		
৬৬			নীলকমল		
৬৭			নুরাবাদ		
৬৮			রসুলপুর		
৬৯			চরমানিকা		
৭০		তজুমুদ্দিন	চাঁদপুর	৪	
৭১			শঙ্কুপুর		

৭২			সোনাপুর	
৭৩			বড় মালঞ্চ	
৭৪			উত্তর জয়নগর	
৭৫		দৌলতখান	দক্ষিণ জয়নগর	৪
৭৬			মেদুয়া	
৭৭			সৈয়দপুর	
৭৮			কাচিয়া	
৭৯			টবগী	
৮০		বোরহানউদ্দিন	পক্ষিয়া	৬
৮১			কুতুবা	
৮২			সাচরা	
৮৩			হাসান নগর	
৮৪			কালমা	
৮৫			পশ্চিম চরউমেদ	
৮৬		লালমোহন	ফরাজগঞ্জ	৬
৮৭			রমাগঞ্জ	
৮৮			লর্ড হার্ডিংস	
৮৯			লালমোহন	
৯০			নাচনমহল	
৯১			মগড়	
৯২		ঝালকাঠি	নলছিটি	৫
৯৩			মোল্লারহাট	
৯৪			রানাপাশা	
৯৫			সুবিদপুর	
৯৬			পত্নাশী	২
৯৭			বালিপাড়া	
৯৮			কলারদোয়ানিয়া	
৯৯			দীর্ঘা	
১০০			দেউলবাড়ী দোবড়া	
১০১			নাজিরপুর	
১০২	বরিশাল		মাটিভাঙ্গা	৮
১০৩			মালিখালী	
১০৪			শাখারীকাঠী	
১০৫		পিরোজপুর	শ্রীরামকাঠী	
১০৬			জলাবাড়ী	
১০৭		নেছারাবাদ	সমুদয়কাঠি	৩
১০৮			স্বরূপকাঠী	
১০৯		ভান্ডারিয়া	তেলিখালী	১
১১০			টিকিকাটা	
১১১		মঠবাড়িয়া	খানিসাফা	৬
১১২			বড়মাছুয়া	
১১৩			বেতমোর রাজপাড়া	
			সাপলেজা	

১১৪			হলতা গুলিশাখালী			
১১৫			আঠারগাছিয়া			
১১৬		আমতলী	আড়পাঞ্জাশিয়া	৪		
১১৭			কুকুয়া			
১১৮			গুলিশাখালী			
১১৯			নিশানবাড়িয়া		৩	
১২০		পটাকোড়ালিয়া				
১২১		বড়বগী				
১২২	বরগুনা	তালতলী	কাকচিড়া	৬		
১২৩					কাঠালতলী	
১২৪					কালমেঘা	
১২৫		পাথরঘাটা	চরদোয়ানী (দঃ জ্ঞানপাড়া)			
১২৬					নাচনাপাড়া	
১২৭					পাথরঘাটা	
মোট					১২৬	



কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়ন সমূহে আইসিটি অবকাঠামো পরিদর্শন

৭. জুলাই ২০২২ থেকে জুন ২০২৩ পর্যন্ত গুরুত্বপূর্ণ অর্জন ও উন্নয়ন কার্যক্রম

৭.১ ই-গভর্নেন্স ও স্মার্ট বাংলাদেশ:

সুশাসন বা ‘গুড গভর্নেন্স’ নিশ্চিত করতে সরকার সমস্ত কার্যক্রম এবং সব ধরনের সেবা অনলাইন ভিত্তিক করার জন্য ই-গভর্নেন্সের উপরে বিশেষ গুরুত্ব দিয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ইকোসিস্টেম তৈরি ইতমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে সরকারের লক্ষ্য ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর ২০২২ ইং তারিখে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে সর্বপ্রথম ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ার কথা বলেন। ডিজিটাল বাংলাদেশ রূপকল্প সফলভাবে বাস্তবায়নের পর এখন ২০৪১ সালের মধ্যে উদ্ভাবনী ও জ্ঞানভিত্তিক অর্থনীতির স্মার্ট বাংলাদেশ বিনির্মাণেও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল অগ্রণী ভূমিকা পালন করতে বদ্ধপরিকর।

আগামী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী বাংলাদেশ যার স্তম্ভ হবে চারটি (১) স্মার্ট সিটিজেন; (২) স্মার্ট গভর্নমেন্ট; (৩) স্মার্ট ইকোনমি এবং (৪) স্মার্ট সোসাইটি। সে লক্ষ্যে নাগরিকদের জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতা এমন একটি পর্যায়ে উন্নীত করা প্রয়োজন যাতে তারা ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলা ও উদ্ভাবনী বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সাহসী ও পারদর্শী হয়। অর্থাৎ নলেজ নেশন গড়া হবে স্মার্ট বাংলাদেশের শিক্ষানীতি।

বিশ্বের তথ্যপ্রযুক্তিতে অগ্রগামী দেশগুলোর উত্তম পদক্ষেপগুলো যাচাই করে ‘স্মার্ট বাংলাদেশ : আইসিটি মাস্টারপ্ল্যান ২০৪১’ তৈরি করা হয়েছে যার মূল কথা হচ্ছে, আগামী দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংসের (আইওটি), রোবটিকস, ব্লকচেইন, ন্যানো টেকনোলজি, থ্রি-ডি প্রিন্টিংয়ের মতো আধুনিক ও নতুন নতুন প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে জ্বালানি, স্বাস্থ্য, যোগাযোগ, কৃষি, শিক্ষা, স্বাস্থ্যসেবা, বাণিজ্য, পরিবহন, পরিবেশ, শক্তি ও সম্পদ, অবকাঠামো, অর্থনীতি, বাণিজ্য, গভর্ন্যান্স, আর্থিক লেনদেন, সাপ্লাই চেইন, নিরাপত্তা, এন্ট্রাপ্রেনিয়রশিপ, কমিউনিটিসহ নানা খাত অধিকতর দক্ষতার দ্বারা পরিচালনা করা। এই মাস্টারপ্ল্যান বাস্তবায়নে ও সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল নেতৃত্ব দেয়ার সক্ষমতা রাখে।

৭.২ ইনোভেশন কার্যক্রম:

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরিশালের নিজস্ব প্রশিক্ষণ কার্যক্রম অনলাইন ব্যবস্থাপনায় করার জন্য সেবাসহজীকরণ হিসেবে একটি সাইট তৈরীর মাধ্যমে অনলাইন আবেদন, অনলাইনের মাধ্যমে পরীক্ষা গ্রহণ, অনলাইনের মাধ্যমে সার্টিফিকেট ভেরিফিকেশন করন। বর্তমানে উক্ত অনলাইন সিস্টেমের মাধ্যমে ছাত্রছাত্রীদের সমস্ত ডাটাবেজ আপলোডের কাজ চলমান রয়েছে।

বিভিন্ন কার্যক্রমের সাথে সংযুক্ত সরকারের সহযোগীতা করনঃ



বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয় ডিজিটাল উদ্ভাবনী মেলায় অংশগ্রহন, দর্শনার্থীগণের স্বতস্পূর্ত ভাবে উক্ত স্টল হতে তথ্য গ্রহন করছে।



বালকাঠি স্মার্ট কর্মসংস্থান মেলায় বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ের অংশগ্রহন



মহান স্বাধীনতা দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন



অমর ২১ শে ফেব্রুয়ারীতে বিসিসি, বরিশাল আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করেন



সেবাগ্রহীতগণের সম্মুখে অবহিতকরণ সভা



সৈয়দ হাতেম আলী কলেজে প্রশিক্ষণ কেম্পেইন



চিত্রঃ বিসিসি বরিশাল আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক পরিচালক আইসিটি সচিব মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন। সচিব মহোদয় অত্র অঞ্চলের আইসিটি কাঠামো নিয়ে আলোচনা ও বিভিন্ন পরামর্শ প্রদান করেন।



১৫ ই আগস্ট মহান স্বাধীনতার স্থপতি শেখ মুজিবুর রহমানের স্মৃতি স্তম্ভে পুষ্প স্তবক অর্পন



পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে “Importance and impact of ITEE” সম্পর্কিত সেমিনার

যোগাযোগ

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

আঞ্চলিক কার্যালয়, বরিশাল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ফোনঃ ০২৪৭৮৮৩১৪৮০ Web: www.bcc.barisal.gov.bd

খাদেম কমপ্লেক্স (১য় তলা) বৈদ্যপাড়া বিএম কলেজ রোড বরিশাল।